

কথা : কবি কৃষ্ণচন্দ্র মজুমদার
সুর : সাধন সরকার

(তাল : দাদরা; এটি কবিরই একটি রচিত গান। রাগের নির্দেশ "ঝিঝিট", রাগটি ঠিক রেখে কবি নির্দেশিত তালটি (একতাল) বদলে দাদরা তাল করা হয়েছে; অর্থাৎ দাদরা ঠুমরীতে পরিণত করা হয়েছে।)

কেন তারে ভুল, সে কি ভুলিবার ধন।
জাননা যে সে তোমার জীবনের জীবন।।
যে তোমার একক্ষণ, ভুলেনা ভুলেনা মন
তারে কি তোমার ভোলা উচিত কখন ?
ভুলিছ তুমিত তারে ভুলতো যদি সে তোমারে
ছিলে যখন মাতৃগর্ভে কি হত তখন ?